



সংবাদপত্রের নাম: : দৈনিক স্বদেশ সংবাদ  
প্রকাশনার স্থান : : ময়মনসিংহ  
তারিখ : : ২৩.০৬.২০২৩ খ্রি.

সংবাদ :  
সম্পাদকীয় :  
প্রবন্ধ/চিত্রপত্র :

## ডেঙ প্রতিরোধে সিটি কর্পোরেশনে সচেতনতামূলক প্রচারাভিযান কার্যক্রম উদ্বোধন করলেন মেয়র



গতকাল সোমবার সকালে সিটি কর্পোরেশন কার্যালয় প্রাঙ্গনে ডেঙ প্রতিরোধে সচেতনতামূলক প্রচারাভিযানের লিফলেট বিতরণ করছেন মেয়র মোঃ ইকরামুল হক টিটু।

স্টাফ রিপোর্টার : প্রাণঘাতি ডেঙ্গু সংক্রমণ প্রতিরোধে এগিয়ে আসুন সচেতনতাই জয়-ডেঙ্গু থেকে মৃত্যু, আর নয়” এই প্রতিপাদ্যকে সামনে রেখে ময়মনসিংহ সিটি কর্পোরেশন স্বাস্থ্য বিভাগের আয়োজনে ডেঙ প্রতিরোধে সচেতনতামূলক প্রচারাভিযান শুরু হয়েছে। গতকাল সোমবার (২২ মে) বেলা ১১ টায় নগর ভবন এলাকার রাস্তায় পথচারীদের মাঝে সচেতনতামূলক লিফলেট বিতরণের মাধ্যমে এ কার্যক্রমের উদ্বোধন করেন মসিক মেয়র মোঃ ইকরামুল হক টিটু। সচেতনতামূলক এ প্রচারাভিযান

ডেঙ মোসুমব্যাপী চলমান থাকবে। সিটি কর্পোরেশনের ২০ জন কর্মী নগরবাসীর মাঝে ডেঙ প্রতিরোধ সংক্রান্ত লিফলেট ও সচেতনতার বার্তা পৌঁছে দেবেন।

এছাড়াও ডেঙ প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধিতে মাইকিং কার্যক্রম ও সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারণা কার্যক্রম চলমান থাকবে বলে (২য় পাতায়)

## ডেঙ প্রতিরোধে সিটি কর্পোরেশনে

(১ম পাতার পর) জানান মসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা মোঃ ইউসুফ আলী।

এ সময় মেয়র মোঃ ইকরামুল হক টিটু বলেন, ডেঙ প্রতিরোধে জনসচেতনতার কোন বিকল্প নেই। ব্যক্তিগতভাবে সচেতন হয়ে নিজের বাসাবাড়ি এবং বাড়ির আশেপাশের ঝোপঝাড়, জঙ্গল, জলাশয় পরিষ্কার রাখতে হবে। খেয়াল রাখতে হবে যেন ব্যবহৃত জিনিসপত্র যেমন- খোলা পানির ট্যাংক, ফুলের টব ইত্যাদিতে তিন দিনের বেশি পানি না জমে। তিনি আরও বলেন, জনসচেতনতা বৃদ্ধিকেই সর্বোচ্চ গুরুত্ব দিয়ে আমরা কাজ করছি। সকল মাধ্যমে প্রচারণার মাধ্যমে জনগণের কাছে সচেতনতার বার্তা পৌঁছে দেওয়ার চেষ্টা করছি। সকলের সহযোগিতা পেলে অন্যান্য বারের মত এবারও ময়মনসিংহ সিটিকে আমরা ডেঙমুক্ত রাখতে পারবো বলে আশা করি।

এ সময় প্রধান নির্বাহী কর্মকর্তা মোঃ ইউসুফ আলী, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. এইচ কে দেবনাথ, জনসংযোগ কর্মকর্তা শেখ মহাবুল হোসেন রাজীব, নির্বাহী প্রকৌশলী বিদ্যুৎ মোঃ জিল্লুর রহমান, খাদ্য ও স্যানিটেশন কর্মকর্তা দীপক মুজুমদার, সাংবাদিকবৃন্দ প্রমুখ উপস্থিত ছিলেন।